

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



মুজিব বর্ষে বিআরডিবি'র অশীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৩৭

তারিখঃ ১৪/১০/২০২১খ্রিঃ

অফিস আদেশ

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় চলমান ঋণ কার্যক্রম পর্যালোচনায় অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বিতরণকৃত ঋণের কিস্তি আদায়ের হার খুবই কম এবং এককালীন আদায়ের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। মাঠসংগঠকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ নিয়মিত কিস্তি আদায়ের জন্য সমিতিতে গমন না করা এবং সদস্য হতে আদায়কৃত সমুদয় অর্থ অফিস/ব্যাংকে জমা না দিয়ে সম্পূর্ণ/আংশিক নিজের কাছে হস্তমজুদ/আত্মসাত করে ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতিয়মান হয়েছে। তাছাড়া আরও উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক কর্মচারী কিস্তিতে আদায়কৃত ঋণের অর্থ নিজের কাছে গচ্ছিত রেখে দাদন ব্যবসার সাথে জড়িত হচ্ছেন এবং সুকৌশলে পর্যায়ক্রমে এক সমিতির আদায়কৃত অর্থ অন্য সমিতির বিপরীতে ঋণ পরিশোধ করে তাঁর লব্ধভুক্ত সমিতিতে মেয়াদোত্তীর্ণ খেলাপী কম/শূন্য দেখিয়ে কর্তৃপক্ষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। তাই ঋণ কার্যক্রমের শৃঙ্খলা নিশ্চিতকরণসহ এ ধরনের কর্মচারীদের শাস্তির আওতায় আনার লক্ষ্যে কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিম্নোক্তভাবে ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে:

“সকল কর্মচারীর কিস্তি আদায়ের হার ৪০% এর কম তাদের পর্যায়ক্রমে অন্যত্র বদলীপূর্বক সদর দপ্তর কর্তৃক অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনার মাধ্যমে চিহ্নিত করে চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।”

২। প্রকল্প/কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----(প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ------(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ------(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. হিসাব সহকারী/মাঠ সংগঠক/অফিস সহায়ক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----
(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।